



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫  
[www.iresppw-brdb.gov.bd](http://www.iresppw-brdb.gov.bd)


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৭৭৬.১৪-৭০৭

তারিখ: ১২/১০/২০১৭ খ্রি:

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা” প্রকল্পের সুফলভোগী সদস্যদের সঞ্চয় ও ঋণের হিসাব যথাযথভাবে সংরক্ষণ এবং মাঠ সংগঠক কর্তৃক হস্তমজুদ/আত্মসাৎ রোধ কল্পে সমিতি ওয়ারী WCS (without data) প্রতি মাসের ১ তারিখে ০২(দুই) কপি প্রিন্ট করে হিসাব সহকারী, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার স্বাক্ষরযুক্ত ০১ কপি উপজেলা পর্যায়ে বক্স ফাইলে এবং অপর কপি সংশ্লিষ্ট সমিতির ম্যানেজারের নিকট ফাইলে সংরক্ষণ করতে হবে, যা সমিতির কর্তৃক খতিয়ান হিসেবে সমিতির ম্যানেজারের নিকট সংরক্ষিত রাখার জন্য ইতোপূর্বে নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু উপজেলায় উপজেলা পর্যায়ে সংরক্ষিত হলেও সমিতি পর্যায়ে ম্যানেজারের নিকট সংরক্ষিত/প্রেরণ করা হচ্ছে না। প্রকল্পের এআরডিও’র সমিতি পর্যায়ে মূল দায়িত্ব হচ্ছে মাঠ সংগঠক কর্তৃক সদস্যদের সঞ্চয় ও ঋণের কিস্তি বাবদ আদায়কৃত অর্থ যথা যথ ভাবে ব্যাংকে জমা হচ্ছে কি না এবং সদস্যদের ব্যক্তি হিসাব কর্মকর্তাদের স্বাক্ষরিত WCS (without data) প্রতি মাসে সংরক্ষিত হচ্ছে কি না তা তদারকি ও যাচাই করা। কিন্তু প্রকল্পের এআরডিওগন তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করায় প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনসহ অর্থ আত্মসাৎ রোধ করা সম্ভব হচ্ছে না। তাই প্রকল্প হতে সরেজমিনে পরিদর্শনে সমিতি পর্যায়ে WCS সংরক্ষিত পাওয়া না গেলে এবং মাঠ সংগঠক কর্তৃক হস্তমজুদ/আত্মসাৎ উৎঘাটিত হলে অথবা একাধিক সদস্যের বিপরীতে বিতরণকৃত ঋণ এক সদস্যের নিকট বিতরণ হয়েছে মর্মে প্রমানিত হলে প্রথমে প্রকল্পের সংশ্লিষ্ট এআরডিও-কে নিয়োগপত্রের শর্তানুসারে কোন কারণ দর্শানো বেতি রেখে ১ মাসের বেতন ভাতা প্রদান সাপেক্ষে চুক্তি ভিত্তিক নিয়োগ হতে অপসারণ করা হবে।

২। প্রকল্পের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।  
ফোন নং-০২-৮১৮০১৪৩

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):-

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা :-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ----- জেলা :-----।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলা :-----।
৫. হিসাব সহকারী (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলা :-----।
৬. মাঠ সংগঠক (সকল), ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ----- জেলা :-----।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৯. অফিস কপি/সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।